# শিক্ষাসত্র : বিশ্বভারতী

শিক্ষাসত্র দিবাবিভাগীয় সহ-শিক্ষামূলক অনাবাসিক উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

**২০১৬ শিক্ষাবর্ষে ভর্তির নিয়মাবলী ও পদ্ধতি :**

পঞ্চম শ্রেণীর জন্য জন্মতারিখ : ০১.০১.২০০৫ - ৩১.১২.২০০৫

ষষ্ঠ শ্রেণীর জন্য জন্মতারিখ : ০১.০১.২০০৪ - ৩১.১২.২০০৪

**ভর্তির আবেদনপত্র ১৭ সেপ্টেম্বর (বৃহস্পতিবার),২০১৫ থেকে১৫অক্টোবর (বৃহস্পতিবার), ২০১৫ পর্যন্ত দেওয়া ও নেওয়া হবে।**

আবেদন পত্র সংগ্রহের প্রক্রিয়া :

আবেদনপত্রের মূল্য বাবদ পাঁচশত (৫০০.০০) টাকা শিক্ষাসত্র দপ্তরে জমা দিয়ে সংগৃহীত কুপন দেখিয়ে ঐ দপ্তর থেকেই আবেদনপত্র নিতে হবে। (তফশিলী জাতি ও উপজাতি প্রর্থীদের ক্ষেত্রে আবেদন পত্রের মূল্য একশত পঞ্চাশ (১৫০.০০) টাকা)। কুপন সংগ্রহের সময় সকাল ১১ টা হইতে দুপুর ২ টো পর্যন্ত।

অথবা

আবেদনপত্র বিশ্বভারতীর ওয়েবসাইট : www.visva-bharati.ac.in থেকেও ডাউনলোড করা যেতে পারে। ইন্টারনেট থেকে সংগৃহীত আবেদনপত্রের সঙ্গে Accounts Officer, Santiniketan, Visva-Bharati -র নামে State Bank of India, Santiniketan শখায় (Code – 2121 ) প্রদেয় ৫০০/- টাকার একটি Account Payee Demand Draft (তফশিলী জাতি ঔ উপজাতি প্রর্থীদের ক্ষেত্রে একশত পঞ্চাশ ১৫০/- টাকা) জমা দিতে হবে।

আবেদনের প্রক্রিয়া :

যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র নিম্নলিখিত প্রমাণপত্রের প্রত্যয়িত প্রতিলিপি (জেরক্স কপি)-সহ ১৫ **অক্টোবর,২০১৫ (বৃহস্পতিবার), বিকেল ৪.০০ (চারটে)-র** মধ্যে শিক্ষাসত্র দপ্তরে জমা দিতে হবে। **যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত প্রতিলিপি ফর্মের সঙ্গেই দিতে হবে, নির্দিষ্ট তারিখের পরে কোনও কাগজ গৃহীত হবে না।**

১. বয়সের জন্য কেবলমাত্র বার্থ রেজিস্ট্রেশন অথরিটির দেওয়া বার্থ রেজিস্ট্রেশন সার্টিফিকেট-এর প্রতিলিপি
(এক্ষেত্রে ফর্ম নং ৫ এবং ফর্ম নং ৯-এ নথিভুক্তির তারিখসহ নম্বরের উল্লেখ থাকা চাই)।

২. তফসিলী জাতি (S.C) ও উপজাতি (S.T.) ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (O.B.C),প্রার্থীদের যথাযথ কতৃপক্ষ প্রদত্ত শংসাপত্রের প্রতিলিপি।

৩. শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত শংসাপত্রের প্রতিলিপি।

৪. রেজিস্টারড ( registered) ডাক্তার প্রদত্ত ফিজিক্যাল ফিটনেস সার্টিফিকেট এবং রক্তের গ্রুপের প্রমাণপত্র।

৫. প্রার্থীর তিনটি রঙীন পাসপোর্ট সাইজের ছবি। ছবিগুলি ফর্মে ও অনুমতিপত্রে (Admit card ) প্রদত্ত নির্দিষ্ট স্থানে আটকে দিতে হবে।

৬. পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর ক্ষেত্রে বাঙলা, গণিত, ইংরেজি ও প্রতিটি বিষয়ে ২৫ নম্বর এবং ইতিহাস, ভূগোল, বিজ্ঞান ও সাধারণ জ্ঞান একত্রে ২৫ নম্বর- মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে । পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা।

* পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষায় বসার জন্য বিবেচিত প্রার্থীদের নামের তালিকা ২৮ নভেম্বর ,২০১৫ (শনিবার) তারিখে দুপুর ১ টার পর শিক্ষাসত্র দপ্তরে প্রকাশ করা হবে।

সংরক্ষণ প্রক্রিয়া :

সংরক্ষণ সরকারী নিয়মানুযায়ী হবে।

**প্রতি শ্রেণীতে মোট আসনের ২০% স্থানীয় প্রার্থীদের জন্য অর্থাৎ যারা শিক্ষাসত্রের ১ কি. মি. ( বিশ্বভারতী কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থান সীমানায় গ্রাহ্য হবে )-এর মধ্যে বসাবাস করে , তাদের জন্য সংরক্ষিত থাকবে এবং তাদের লটারির মাধ্যমে ভর্তি নেওয়া হবে । এই মর্মে আবেদনকারীকে আবেদন পত্রের উপর '*Neighborhood Applicant*" কথাটি উল্লেখ করতে হবে । অন্যথায় প্রার্থীকে লটারিতে অংশ গ্রহণের সুযোগ দেওয়া হবে না ।**

যেসকল প্রার্থী এই সুযোগ নিতে ইচ্ছুক সেই প্রার্থীদের ক্ষেত্রে নিম্নলিখিত প্রমাণপত্রের প্রতিলিপি (জেরক্স কপি) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে -

১. প্রার্থীর পিতা/মাতার রেশন কার্ডের প্রতিলিপি।
২. প্রার্থীর রেশন কার্ডের প্রতিলিপি।
৩. প্রার্থীর পিতা/মাতার ভোটার কার্ডের প্রতিলিপি।

ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ : ৫ ডিসেম্বর (শনিবার), ২০১৫, সকাল ৯ টা ।
ভর্তি পরীক্ষার স্থান : শিক্ষাসত্র, শ্রীনিকেতন, বিশ্বভারতী।
অনিবার্য কোনও কারণে পরীক্ষার দিন বদল হলে শিক্ষাসত্র দপ্তরে তা জানানো হবে।
আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে । ডাকযোগে কোন অনুমতিপত্র প্রেরিত হবে না । ৩০-১১-২০১৫ (সোমবার) ও ১-১২-২০১৫ (মঙ্গলবার) পঞ্চম শ্রেণীর জন্য এবং ৩-১২-২০১৫ (বৃহঃবার) ষষ্ঠ শ্রেণীর জন্য বেলা ১১ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত শিক্ষাসত্র দপ্তরে অনুমতিপত্র অভিভাবকদের হাতে দেওয়া হবে ।

* তফসিলী জাতি/উপজাতি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে নিয়মানুসারে সংরক্ষণের ব্যবস্থা আছে।
* অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
* ভর্তি বিষয়ে যাবতীয় যোগাযোগের ঠিকানা : অধ্যক্ষ, শিক্ষাসত্র, বিশ্বভারতী, শ্রীনিকেতন, বীরভূম - ৭৩১ ২৩৬।
* শিক্ষাসত্র বুধবার ও রবিবার পূর্ণদিবস বন্ধ থাকে।

৪/৯/২০১৫

অধ্যক্ষ
শিক্ষাসত্র
বিশ্বভারতী
মোবাইল নং-৯২৩২৪৮৭৮৬৬